

❏ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালাহীন)

হাদিস নম্বরঃ ৫৮৯ [আন্তর্জাতিক নম্বরঃ ৫৮৪]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৬৬: পুরুষের জন্য কবর যিয়ারত করা মুস্তাহাব এবং তার দো'আ

بَابُ اسْتِحْبَابِ زِيَارَةِ الْقُبُورِ لِلرِّجَالِ وَمَا يَقُولُهُ الزَّائِرُ - (66)

আরবী

وَعَنْ ابْنِ عَبَّاسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: مَرَّ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِقُبُورٍ بِالْمَدِينَةِ فَأَقْبَلَ عَلَيْهِمْ بِوَجْهِهِ فَقَالَ: «السَّلَامُ عَلَيْكُمْ يَا أَهْلَ الْقُبُورِ، يَغْفِرُ اللَّهُ لَنَا وَلَكُمْ، أَنْتُمْ سَلَفُنَا وَنَحْنُ بِالْآثَرِ» رواه الترمذي وقال: حديث حسن.

বাংলা

৪/৫৮৯। ইবনু 'আব্বাস রাদিয়াল্লাহু 'আনহু হতে বর্ণিত, মাদীনার কিছু সংখ্যক কবর অতিক্রম করার সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সে দিকে মুখ ফিরিয়ে বললেনঃ "হে কবরের অধিবাসীরা! তোমাদের উপর শান্তি বর্ষিত হোক, আল্লাহ তা'আলা আমাদের ও তোমাদেরকে ক্ষমা করুন। তোমরা আমাদের অগ্রগামী। আমরা তোমাদের উত্তরসূরি।"- (তিরমিযী হাদীসটিকে হাসান বলেছেন)[1]

English

(66) Chapter: Desirability of visiting the Graves for men, and that they should say

Ibn 'Abbas (May Allah be pleased with them) reported:

Messenger of Allah (ﷺ) passed by the graves at Al-Madinah. He turned his face towards them and said, "May you be granted safety, O inmates of the graves. May Allah forgive us and you. You have preceded us, and we are to follow."

[At-Tirmidhi].

Commentary: Imam At-Tirmidhi considers it as a credible Hadith and Imam An-Nawawi has also reduced it to writing without 'ifs' and 'buts'. However, Shaikh Al-Albani calls it undependable from the viewpoint of the chain of reporters. For a detailed study, one may refer to Ahkam Al-Jana'iz by Al-

Albani, page 197.

ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ এ হাদীসের সনদটি দুর্বল। (আহকামুল জানায়েয” গ্রন্থে পৃ ১৯৭) এ সম্পর্কে আলোচনা করেছি। উল্লেখ্য এর এক বর্ণনাকারী কাবুস ইবনু আবী যিবইয়ান, তার সম্পর্কে নাসাঈ বলেনঃ তিনি শক্তিশালী নন। ইবনু হিববান বলেন : তিনি মন্দ হেফযের অধিকারী, তিনি তার পিতার উদ্ধৃতিতে এমন কিছু বর্ণনা করেছেন যার কোন ভিত্তি নেই। আর এ হাদীসটি তার পিতার উদ্ধৃতিতেই বর্ণনাকৃত। আবু হাতিম প্রমুখ বলেনঃ তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। “যঈফ আবী দাউদ” (৫৩২ নং) এর ব্যাখ্যা দেখুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23554>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন